website: www.bangladesh-bank.org
www.bangladeshbank.org.bd
www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা ।

বিআরপিডি সার্কুলার লেটার নং- ০৬

তারিখ ঃ মার্চ ১৩, ২০১১ / ফাল্গুন ২৯, ১৪১৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

তফসিলী ব্যাংকসমূহ কর্তৃক বেসরকারী খাতের সাধারণ বীমা কোম্পানীসমূহকে তালিকাভূক্তকরণ প্রসংগে ।

এমর্মে বাংলাদেশ ব্যাংকের গোচরীভূত হয়েছে যে, কতিপয় তফসিলী ব্যাংক তাদের নিজস্ব বিবেচনায় বেসরকারী বীমা কোম্পানীসমূহকে তালিকাভূক্ত করছে এবং এবং বীমাপত্র/কভার নোট গ্রহণের ক্ষেত্রে বীমা কোম্পানী কর্তৃক মেয়াদী আমানত রাখার শর্তারোপ করা হচ্ছে । প্রসংগত বীমা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত যেকোন বীমা কোম্পানীর নিকট ঋণগ্রহীতা তার ঋণের জন্য বীমা করার অধিকার সংরক্ষণ করেন । ঋণ দাতা ব্যাংক কর্তৃক এ বিষয়ে অযাচিত হস্তক্ষেপ করা কাম্য নয় ।

উপর্যুক্ত বিষয়ে ডিসেম্বর ০৬, ২০০৭ তারিখের বিআরপিডি(পি-১)৭৬০/বিবিধ/২০০৭ নং পত্রের অনুবৃত্তিক্রমে ব্যাংক কর্তৃক নিজ নিজ পছন্দমত বীমা কোম্পানীসমূহকে তালিকাভূক্ত না করে তৎপরিবর্তে বীমাপত্র/কভার নোট গ্রহণের ক্ষেত্রে বীমা কোম্পানীর ক্রেডিট রেটিং বিবেচনা করার জন্য এবং এতদ্‌ক্ষেত্রে বীমা কোম্পানীগুলিকে কোনরূপ মেয়াদী আমানত রাখার শর্তারোপ না করতে আপনাদেরকে পরামর্শ দেয়া হ'ল ।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিত
(কে. এম. আব্দুল ওয়াদুদ)
মহাব্যবস্থাপক
ফোন- ৭১১৭৮২৫ ।